# বিনিয়োগবান্ধব পরিবেশ গড়তে কাজ করছে সরকার: মাহদী আমিন




মাহদী আমিন। ছবি: সংগৃহীত

বৃহস্পতিবার (৯ জুলাই) রাজধানীর বনানীর শেরাটন হোটেলে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স (আইসিসি) বাংলাদেশের ৩১তম বার্ষিক কাউন্সিলে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন।

মাহদী আমিন বলেন, বিনিয়োগ বৃদ্ধির অন্যতম শর্ত হলো সহজ ও পূর্বানুমানযোগ্য ব্যবসায়িক পরিবেশ নিশ্চিত করা। এ লক্ষ্য সামনে রেখে সরকার ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাস, প্রশাসনিক জটিলতা কমানো এবং নিয়ন্ত্রক কাঠামোকে আরও কার্যকর ও আধুনিক করার উদ্যোগ নিয়েছে।

তিনি আরও বলেন, আমলাতান্ত্রিক প্রতিবন্ধকতা কমানো এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নিয়ন্ত্রণমুক্তকরণের মাধ্যমে উদ্যোক্তাদের জন্য কার্যক্রম পরিচালনা সহজ করা হবে। এতে দেশীয় ও বিদেশি বিনিয়োগকারীদের আস্থা আরও বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

মাহদী আমিন জানান, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের প্রথম ছয় মাসের মধ্যেই কয়েকটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও প্রশাসনিক লক্ষ্য অর্জনে দৃশ্যমান অগ্রগতি দেখিয়েছে। তবে এসব উদ্যোগকে জাতীয় পর্যায়ে সফলভাবে বাস্তবায়নের জন্য বেসরকারি খাতের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা অপরিহার্য।

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে টেকসই ও গতিশীল করতে সরকার উদার অর্থনৈতিক নীতি এবং ব্যবসাবান্ধব সংস্কারের পথে এগোচ্ছে বলেও উল্লেখ করেন তিনি। ভবিষ্যতে এসব উদ্যোগের বাস্তব সুফল দেশের বিনিয়োগ ও শিল্প খাতে প্রতিফলিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন মাহদী আমিন।

অনুষ্ঠানে আইসিসি বাংলাদেশের প্রতিনিধিদের পাশাপাশি বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতারাও উপস্থিত ছিলেন।